


Vol. 10 | No. 1 | 1966

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## দর্শন ও মনোবিদ্যা-পরিভাষাকোষ (মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ সম্বলিত)

| | |
|---|---|
| Volume | 10 |
| Issue | 1 |
| Year | 1966 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | সাইয়েদ আবদুল হাই |
| Published online | June 15, 1966 |
| DOI | 10.62328/sp.v10i1.2 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v10i1.2 |
| Pages | 41-66 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# দর্শন ও মনোবিদ্যা-পরিভাষাকোষ

( মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ সম্বলিত )

সাইয়েদ আবদুল হাই

ব্যবহৃত সংকেত

যু: = যুক্তিবিদ্যা ( Logic )।
দ: = সাধারণ দর্শনশাস্ত্র ( General Philosophy ) অর্থাৎ তত্ত্ববিদ্যা ( Metaphysics ) ও ধীবিদ্যা ( Epistemology )।
নী: = নীতিশাস্ত্র ( Ethics ।
ম: = মনোবিদ্যা ( Psychology )।
খ্রী: = খ্রীষ্টাব্দ।
হি: = হিজরী সন।
আ: = আরবী।
উ: = উর্দু।
স: = সংস্কৃত।
চৈ: = চৈনিক।

## B

Babiniski reflex ( বাবিন্‌স্কী রিফ্লেক্‌স )—(ম:) ; বাবিন্‌স্কী প্রতিবর্ত। ছোট ছেলেদের পায়ের তলায় সুড়সুড়ি দিলে তাহারা পায়ের বুড়া আঙ্গুল উপরের দিকে তুলিয়া নাড়াইতে থাকে। ইহা ছোট ছেলেদের

এক প্রকার প্রতিবর্ত ( Reflex action )। আবিষ্কারকের নাম অনুসারে প্রতিবর্তটির এইরূপ নাম দেওয়া হইয়াছে।

Babism ( বাবিজম )—বাবীবাদ, বাবী ধর্মমত।

খ্রীষ্টীয় ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে প্রচারিত পারস্যের ধর্মমত বিশেষ। মির্জা আলী মোহাম্মদ বাব-ই-হযরত-ই-আলা-নাম ধারণ করিয়া এই ধর্মমত প্রচার করেন। এই মতানুসারে স্বর্গীয় প্রত্যাদেশ রসুলুল্লাহ হজরত মুহাম্মদের (দঃ) মধ্যে শেষ হয় নাই। তাঁহার পরেও স্বর্গীয় প্রত্যাদেশ অবতীর্ণ হইতে পারে। বাব এইরূপ প্রত্যাদেশপ্রাপ্ত হইয়াছিলেন বলিয়া দাবী করেন। বাবীদের মতে ধর্মীয় অনুষ্ঠান অপেক্ষা দার্শনিক ও নৈতিক দিকের প্রতি অধিক দৃষ্টি প্রদান করা প্রয়োজন। বর্তমানে পারস্যে বাবী মতবাদের অনুসারী বিরল, আমেরিকাতে এই মতবাদের কিছু সংখ্যক অনুসারী পাওয়া যায়।

Background ( ব্যাক্‌গ্রাউণ্ড )—পশ্চাদভূমি।

অন্য অর্থে, দৃশ্য বা চিত্রের পটভূমিকা, কোন ব্যক্তির শিক্ষা-সংস্কৃতি।

Baconian ( বেকনীয়ান্ )—( দঃ ); বেকনীয়।

বৃটিশ দার্শনিক ফ্রান্‌সিস্ বেকনের ( Francis Bacon ) মতানুগামী ; বেকন কর্তৃক প্রবর্তিত দর্শনশাস্ত্র-সম্বন্ধীয় বা ঐ দর্শনশাস্ত্রের অনুসারী।

—Method ( —মেথড )—( যুঃ ); বেকনের পদ্ধতি।

প্রকৃতির ঘটনাবলীর মধ্যে কার্যকারণ সম্বন্ধ নির্ণয় করার জন্য বেকন আরোহী পদ্ধতি প্রবর্তিত করেন। বেকনের পদ্ধতি বলিতে ঐ আরোহী পদ্ধতি বুঝায়।

—Philosophy ( —ফিলজফী )—( দঃ ); বেকনের দর্শন, বেকনের দার্শনিক পদ্ধতি।

বেকনের মতে দর্শনের মূল উদ্দেশ্য হইল মানবসমাজের কল্যাণ-সাধন। ইহার জন্য প্রকৃতির রহস্যকে আবিষ্কার করিয়া তাহা মানবসমাজের সুখ ও সমৃদ্ধির জন্য ব্যবহার করিতে হইবে। প্রকৃতির রহস্য আবিষ্কার করিতে অনুমানের উপর নির্ভর করিলে চলিবে না।

পর্যবেক্ষণের মাধ্যমে প্রকৃতিকে জানিতে হইবে। পর্যবেক্ষণই হইল বেকনের দার্শনিক পদ্ধতির মূল কথা। পর্যবেক্ষণের স্তর হিসাবে বেকন বিশ্লেষণ ( Analysis ) ও অপনয়নের ( Elimination ) উপর সবিশেষ গুরুত্ব আরোপ করেন।

পর্যবেক্ষণমূলক আরোহী পদ্ধতিকে সাধারণতঃ বেকনের অবদান বলিয়া মনে করা হয়, কিন্তু প্রকৃতপক্ষে আরোহী পদ্ধতি আবুবাকর রাযী প্রমুখ মুসলিম দার্শনিকদেরই অবদান।

**Baconianism** ( বেকনীয়ানিজম্ )—( দঃ ) ; বেকনবাদ, বেকনের দর্শন।

**Bacteriology** ( ব্যাক্‌টিরিওলজি )—জীবানুবিদ্যা, জীবানুতত্ত্ব।

**Backlside** ( ব্যাকস্লাইড্ )—অধঃপতন।

অন্য অর্থে, সৎ ও সম্মানজনক অবস্থা হইতে স্খলিত হওয়া।

**Backward association** ( ব্যাকওয়ার্ড অ্যাসোসিয়েশন্ )—( মঃ) ; পশ্চাদ-গামী অনুষঙ্গ।

**—Conditioning** ( —কনডিশানিং )—( মঃ ) ; পশ্চাদ্‌গামী সাপেক্ষকরণ।

**Baghdad** ( বাগদাদ )—বাগদাদ, আব্বাসীয় খলিফাদের যুগে মুসলিম জগতের রাজধানী।

আব্বাসীয় যুগে, বিশেষভাবে খলীফা আল-মামুনের বাগদাদ দর্শন, বিজ্ঞান, সাহিত্য, শিল্পকলা প্রভৃতি চর্চার একটি সুপ্রসিদ্ধ কেন্দ্র হইয়া উঠে। এখানে সরকারী সাহায্যে বায়তুল হিকমত ( দর্শন ভবন ) নামে দর্শন ও বিজ্ঞান চর্চার জন্য একটি প্রতিষ্ঠান স্থাপিত হয়।

**Bahaism** ( বাহাইজ্‌ম )—বাহাইবাদ, বাহাই ধর্মমত।

বাহাইবাদ বাবী মতবাদের একটি শাখা বিশেষ। এই মতবাদের প্রতিষ্ঠাতা ছিলেন বাহাউল্লাহ, যাঁহার আসল নাম ছিল মির্জা হুমায়ুন আলী নূরী। তিনি ১৮৯২ খৃষ্টাব্দে ইন্তিকাল করেন।

**Baitul Hikmat** ( বায়তুল হিকমাত )—বায়তুল হিকমাত, দর্শন ভবন।

আব্বাসীয় খলীফাদের যুগে বাগদাদে দর্শন ও বিজ্ঞান চর্চার জন্য একটি প্রতিষ্ঠান স্থাপিত হয়। ইহার নাম দেওয়া হয় বায়তুল

হিকমাত। খলীফা মানসুরের (৭৪৯—৭৭৫ খ্রীঃ) সময় ইহার কার্য আরম্ভ হয় ও খলীফা মামুনের (৮১৩—৮৪৭ খ্রীঃ) সময় ইহার কার্য পূর্ণোদ্যমে চলিতে থাকে। মিশরে ফাতেমীয় খেলাফতের যুগে আল-মুইয্য্ (৯৫২—৯৭৫ খ্রীঃ) অনুরূপ একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। তাহার নাম ছিল 'দারুল হিকমাত'।

Ball-and-field test (বল অ্যাণ্ড ফিল্ড টেষ্ট)—(মঃ); মাঠ-গোলক পরখ। সাধারণ বুদ্ধি পরীক্ষা করার একটি পদ্ধতি। ইহাতে বৃত্তাকার একটি মাঠের মধ্য হইতে একটি গোলক বাহির করিতে বলা হয়।

Balsamic (বাল্‌সামিক্)—(মঃ); বালসামীয়, গন্ধের প্রকার বিশেষ।

Baptism (ব্যাপ্‌টিজম্)—খ্রীষ্টধর্মে দীক্ষাভিষেক, খ্রীষ্টধর্মমতে নামকরণ। রূপক অর্থে, নব-লব্ধ অভিজ্ঞতা।

Baqa (বাকা)—(আঃ) বাকা; স্থায়ী অবস্থা, স্থায়ী দর্শন। সূফী দর্শনের মতে বাকা ব্যক্তিসত্তার আধ্যাত্মিক উন্নতির শেষ স্তর। এই স্তরে ব্যক্তিসত্তা পরম সত্তার মধ্যে স্থায়ী জীবন লাভ করে।

Baqillani (বাকিল্লানী)—বাকিল্লানী, আল-বাকিল্লানী। Al-Baqillani দ্রষ্টব্য।

Baroque (বারোক)—বারোক শিল্প। খ্রীষ্টীয় সপ্তদশ শতাব্দীতে প্রচলিত একপ্রকার শিল্পবিশেষ। অনেকের মতে ইহা ঐন্দ্রজালিক কল্পনা হইতে উদ্ভূত।

Basal (বেস্থাল)—মূল, ভিত্তিক, তল-সম্বন্ধীয়।

—age (—এজ)—(মঃ); ভিত্তিক বয়স, প্রকৃত বয়স।

—Ganglia (—গ্যাংলিয়া)—বেস্থাল গ্যাংলিয়া, মূল স্নায়ুগ্রন্থিসমূহ।

Bashshar ibn Burd (বাশ্‌শার ইবন বুর্‌দ)—বাশ্‌শার ইবন বুর্‌দ। খ্রীষ্টীয় অষ্টম শতাব্দীর শেষভাগের একজন আরবী কবি। তিনি পারস্যের এক সৎ বংশে জন্মগ্রহণ করেন এবং জন্ম হইতে সম্পূর্ণ

অন্ধ ছিলেন। তাঁহার কবিতায় অজ্ঞেয়তাবাদ ও নৈরাশ্যবাদের সুর খুবই স্পষ্টভাবে ফুটিয়া উঠিয়াছে।

——Hafi (——হাফী)—বাশ্‌শার ইবন হাফী। প্রাথমিক যুগের একজন সুপ্রসিদ্ধ সূফী দার্শনিক।

Basophobia (ব্যাসোফোবিয়া)—(মঃ); হাঁটার ভয়।
ইহা একপ্রকার মানসিক রোগ। ইহাতে রোগী হাঁটিতে সমর্থ হইলেও হাঁটিতে খুবই ভয় পায়।

Bathmism (বাথ্‌মিজম্)—বাথমি শক্তি।
দার্শনিক ই, ডি, কোপ (E. D. Cope) জৈবিক পদার্থের অন্তর্নিহিত বৃদ্ধি-শক্তির এইরূপ নামকরণ করেন। তাঁহার মতে প্রত্যেক জৈবিক পদার্থের মধ্যে এইরূপ একটি শক্তি আছে এবং ইহার ফলেই জৈবিক পদার্থের ক্রমবৃদ্ধি সম্ভবপর হয়।

Bathophobia (ব্যাথোফোবিয়া)—(মঃ); উচ্চস্থল-আতঙ্ক।
এই রোগে রোগী উচ্চস্থানে উঠিতে বা নিম্নের কোন গভীরতার দিকে তাকাইতে খুবই ভয় পায়।

Batini (বাতিনী)—(আঃ) বাতিনী; গূঢ়, গুপ্ত, অনুসংখ্যক বিশ্বস্ত ব্যক্তিকে যাহা বলা যায়, তাহা বা তাহাদের সঙ্ঘ।
সাধারণ অর্থে যে কোন গুপ্ত সঙ্ঘ বা গুপ্ত বিষয়কে বাতিনী বলা চলে। কিন্তু বিশেষ অর্থে বাতিনী বলিতে ইসমাঈলী সম্প্রদায়কে বুঝায়।

Battery of tests (ব্যাটারী অফ টেস্টস্)—পরখ সমষ্টি।
সম্পাদন-মাত্রা বা ব্যক্তিত্ব-পরিমাপক কতকগুলি পরখের সমষ্টি। এই কারণগুলি সমষ্টিগতভাবে একটি বিশেষ বিষয়ের পরিমাপে সাহায্য করে।

Bayazid (বায়াযীদ)—বায়াযীদ।
খ্রীষ্টীয় নবম শতাব্দীর শেষ ভাগের একজন সুপ্রসিদ্ধ সূফী সাধক। তাঁহার পূর্ণ নাম ছিল আবু য়াযীদ বিস্‌তামী। তিনি সর্বপ্রথম সূফী

দর্শনে আধ্যাত্মিক উন্নতির স্তর হিসাবে ফানা স্তরের প্রবর্তন করেন ও ইহার বিশদ ব্যাখ্যা প্রদান করেন।

**Baytul Hikmat** (বায়তুল হিকমাত)—বায়তুল হিকমাত। **Baitul Hikmat** দ্রষ্টব্য।

**Beats** ( বীট্‌স্‌ )—অধিকম্প।

জীবদেহের হৃৎপিণ্ডের ক্রিয়ার সময় হৃৎপিণ্ডে ও স্নায়ুতে যে মৃদু কম্পন হয়, তাহাই অধিকম্প।

**Beauty** (বিউটি)—সৌন্দর্য, কান্তি।

**Becoming** (বিকামিং)—(দঃ) ; পরিবর্তন, প্রবাহ, গতি।

গ্রীক দার্শনিক হেরাক্লিটাস (Heraclitus)-এর মতে অবিরাম গতি বা প্রবাহ হইল জগতের আসল সত্তা। পরবর্তী যুগে ফরাসী দার্শনিক বার্গসোঁ (Bergson)ও এইরূপ মতবাদ পোষণ করেন। Bergsonian philosophy দ্রষ্টব্য।

**Begging the question** (বেগিং দি কোয়েশ্‌চান্‌)—(যুঃ) ; চক্রক দোষ, হেতু-সিদ্ধান্ত-বিপর্যয়।

ইহা অবরোহ যুক্তির এক প্রকার অনুপপাতী। যে সিদ্ধান্ত প্রমাণ করিতে হইবে তাহাই যদি হেতুবাক্যে ধরিয়া লওয়া হয় তাহা হইলে যুক্তিতে এইরূপ দোষ হয়।

**Behaviour** (বিহেভিয়ার্‌)—(মঃ) ; আচরণ।

শরীরের উপর উদ্দীপকের ক্রিয়ার ফলে শরীরের যে প্রতিক্রিয়া হয় তাহাই আচরণ।

**Behaviourism** (বিহেভিয়ারিজম্‌)—(মঃ) ; আচরণবাদ।

আচরণবাদী মনোবিদ্যার মতে মন বলিয়া কিছুই নাই। মনোবিদ্যার বিষয়বস্তু হইল আচরণ। জে, বি, ওয়াটসন ( J. B. Watson ) এই মতবাদের প্রতিষ্ঠাতারূপে পরিচিত। কিন্তু তাঁহার পূর্বে ম্যাক্‌স্‌ মেয়র নামক একজন মনোবিজ্ঞানী এই মতবাদের ব্যাখ্যা দিয়াছিলেন।

**Being** ( বীইং )—( দঃ ); সত্তা, একক সত্তা, অস্তিত্ব।
গ্রীক দার্শনিক পারমেনাইদিয়ের (Permenides) মতে জগতের আসল সত্তা হইল একটি অসীম ও অবিভাজ্য একক সত্তা।

**Bektashi** ( বেকতাশী )—বেকতাশী, খ্রীষ্টীয় ষোড়শ শতাব্দীর একটি শক্তিশালী সুফী সম্প্রদায়।
বেকতাশী সম্প্রদায় নিজেদেরকে সুন্নী বলিয়া পরিচয় দিলেও তাহারা উগ্র শিয়া মতের অনুসারী। তুর্কির সুলতানদের আমলে জানিসারি (Janissary) বিপ্লবের সহিত ইহাদের সবিশেষ যোগাযোগ ছিল।

**Bel** ( বেল )—( মঃ ); বেল।
শব্দের ( sound ) একক বিশেষ।

**Belief** ( বিলীফ্ )—বিশ্বাস, সত্য বলিয়া প্রতীত, ধর্মবিশ্বাস, বিশ্বাসের বিষয়।

**Benthamism** ( বেন্থামিজম্ )—( দঃ ); বেন্থামবাদ, বেন্থামের দার্শনিক মতবাদ।
জিরিমি বেন্থাম ( Jeremy Bentham ) অষ্টাদশ শতাব্দীর শেষভাগের একজন ইংরাজ দার্শনিক ও নীতিশাস্ত্রবিদ। তাঁহার মতানুসারে সমাজের সর্বাপেক্ষা অধিক সংখ্যক মানুষের অধিকতম সুখ বিধানই নীতিশাস্ত্রের মূল অনুশাসন। বেন্থামের এই দার্শনিক মতের নাম 'হিতবাদ' বা 'উপযোগিতাবাদ' ( utilitarianism )।

**Bergsonianism** ( বার্গসোঁনিয়ানিজম্ )—( দঃ ); বার্গসোঁবাদ।
ফরাসী দার্শনিক হেনরী বার্গসোঁ ( Henry Bergson )-র দার্শনিক মতবাদ।

**Bergsonian Philosophy** ( বার্গসোঁনিয়ান ফিলজফী )—( দঃ ); বার্গসোঁ-দর্শন। ফরাসী দার্শনিক বার্গসোঁ-র দার্শনিক মতবাদ।
বার্গসোঁ-র মতে বুদ্ধির সাহায্যে আমরা যথার্থ জ্ঞান লাভ করিতে পারি না। তিনি বলেন যে, একমাত্র স্বজ্ঞার ( Intuition ) মাধ্যমেই আমরা কোন সত্তার সহিত একাত্মতা লাভ করিয়া তাহার

স্বরূপ জানিতে পারি। তিনি আরও বলেন যে, জগতের সত্তা বা পরম তত্ত্ব হইল এক প্রাণপ্রবাহ ( clanvital )। অবিরাম পরিবর্তনই এই প্রাণপ্রবাহের ধর্ম। তাঁহার মতে এই প্রাণপ্রবাহ ও নিয়ত পরিবর্তনশীল কালপ্রবাহ অভিন্ন।

এই প্রাণপ্রবাহ নূতন নূতন সৃষ্টির দ্বারা নিজকে সার্থক করিয়া তুলে। এই অভিব্যক্তি প্রক্রিয়া সম্পূর্ণভাবে মুক্ত, স্বাধীন এবং সৃজন ধর্মী।

Berkleianism ( বার্কলিয়ানিজম্ ) —( দঃ ) ; বার্কলিবাদ, বার্কলি-র দার্শনিক মতবাদ।

Berkeleian Philosophy ( বার্কলিয়ান ফিলজফী )—( দঃ ) ; বার্কলি দর্শন, বার্কলি-র দার্শনিক মত।

আয়ার্ল্যাণ্ডের জর্জ বার্কলি ( George Berkeley ) অষ্টাদশ শতাব্দীর একজন শক্তিশালী দার্শনিক ছিলেন। তাঁহার মতে আমরা যাহা প্রত্যক্ষ করি তাহা আমাদের মন ও মনের ধারণা মাত্র। ইহার অতিরিক্ত কিছু স্বীকার করা নিষ্প্রয়োজন। জ্ঞেয় বস্তু হইল গুণের সমষ্টি এবং গুণ হইল আমাদের মনের ধারণা। সুতরাং শুধু মন ও ধারণারই অস্তিত্ব আছে, জড় বস্তু বা দ্রব্য বলিয়া কিছুই নাই।

এই মতবাদ হইতে বার্কলি সিদ্ধান্ত করেন যে, কোন কিছুর অস্তিত্ব, তাহার প্রত্যক্ষ হওয়ার উপর নির্ভর করে অর্থাৎ 'অস্তিত্ব প্রত্যক্ষ-নির্ভর' ( Esse est percipi )।

Best ( বেস্ট )—অত্যুত্তম, সর্বোৎকৃষ্ট।

Bi ( বাই )—( লাতিন উপপদ ) ; দ্বি, দুই।

Bias ( বাইয়্যাস্ )—ঝোঁক, প্রবণতা, পক্ষপাতিত্ব।

Bidimensional ( বাইডাইমেনসান্যাল )—দ্বিমাত্রিক।

Bifocal ( বাইফোকাল )—দ্বিকেন্দ্রিক।

যে চশমার একই কাচে দুইটি কেন্দ্র, অর্থাৎ দুই অংশে দুই রকমের শক্তি থাকে তাহাকে দ্বিকেন্দ্রিক বলে।

Bilateral ( বাইল্যাটারাল )—দ্বিপার্শ্ব, দ্বিপার্শ্ব-সংক্রান্ত।

Bilious ( বিলিয়াস )—( মঃ ) ; রুক্ষ মেজাজী ; ক্রোধপ্রবণ।

Bimodal ( বাইমোডাল )—দ্বিশীর্ষক।

Binocular ( বাইনকিউলার )—দ্বিচাক্ষস।

Binomic ( বাইনোমিক )—জৈব অতিরিক্ত।

জৈব শক্তি বাহিরের যে সকল শক্তি, যেমন, বস্তু সংক্রান্ত, রাসায়নিক ও পারিপার্শ্বিক শক্তি, জীবের শারীরিক ও মানসিক বৃদ্ধিতে সহায়তা করে তাহাদিগকে জৈব অতিরিক্ত শক্তি বলা হয়।

Biogenesis ( বাইয়জেনেসিস্ )—(দঃ) ; প্রাণজবাদ ; জীবজনি মতবাদ।

এই মতবাদ অনুসারে সকল জীবনই পূর্ববর্তী জীবন হইতে উদ্ভূত। সজীব জীবকোষ হইতে নূতন জীবকোষের আবির্ভাব হয়, জড় হইতে জীবন আবির্ভূত হইতে পারে না। ইহার বিরুদ্ধ মতবাদ অপ্রাণজবাদ বা অজীবজনি মতবাদ ( Abiogenesis )-অনুসারে জড় হইতেই জীবনের সৃষ্টি। এই মতে জীবন প্রাকৃতিক ও রাসায়নিক শক্তির এক জটিল সমষ্টি।

Biologist ( বাইয়লজিষ্ট্ )—জীববিদ্যাবিদ, জীববিজ্ঞানী।

Biology ( বাইয়লজি )—জীববিদ্যা, জীববিজ্ঞান।

Biophysics ( বাইওফিজিক্স্ )—জৈব পদার্থবিদ্যা।

Biosocial ( বাইও সোসিয়াল )—জৈবসমাজী।

Biparental inheritance ( বাইপ্যারেনট্যাল ইনহেরিট্যান্স )—পিতামাতা হইতে প্রাপ্ত বংশগত গুণ।

Biruni ( বিরুনী )—বিরুনী, আল-বিরুনী। Al-Biruni দ্রষ্টব্য।

**Bisexuality** ( বাইসেক্সুয়ালিটি )—দ্বি-যৌনতা।

**Bishr-ibn Mu'tamir** ( বিশর ইবন্ মু'তামির )

মু'তামির মতবাদের দ্বিতীয় পর্বের একজন শক্তিশালী চিন্তাবিদ। সাধারণ চেষ্টা ( তদ্‌বীর ) ও তক্‌দীর ( ভবিতব্য ) সম্বন্ধে তাঁহার মৌলিক মতবাদ আছে।

**Bladder** ( ব্লাডার )—বস্তি।

**Blind Spot** ( ব্লাইণ্ড স্পট্ )—(মঃ) ; নিষ্ক্রিয় স্থানিকা ; অন্ধ বিন্দু।

চক্ষুর পটের ( Retina ) যে অংশের কোনরূপ দর্শন সংবেদন নাই, তাহাকে নিষ্ক্রিয় স্থানিকা নাম দেওয়া হইয়াছে।

**Blood-vessel** ( ব্লাড ভেসেল )—রক্ত-বাহ ; রক্তনালী।

**Blue blind** ( ব্লু ব্লাইণ্ড )—( মঃ ) ; নীল-অন্ধ।

যে নীল বর্ণ দেখিতে পায় না, কিন্তু অন্যান্য বর্ণ দেখিতে পায় তাহাকে নীল-অন্ধ বলে।

**Body** ( বডি )—দেহ, পদার্থ, কোন কিছুর প্রধানতম অংশ।

**Bohra, Bohora** ( বোহ্‌রা )—বোহরা বা বোরা সম্প্রদায়।

ইসমাইলী শিয়া সম্প্রদায়ের একটি বিশেষ শাখা। বোহরা অর্থ ব্যবসায়ী। এই সম্প্রদায়ের অধিকাংশ লোক ব্যবসায়ী বলিয়া তাহারা এই নামে অভিহিত। সম্প্রদায়ের নেতা তাহাদের নিকট মুল্লী আখ্যায় পরিচিত।

**Brain** ( ব্রেইন )—মস্তিস্ক ; বুদ্ধি বা জ্ঞানের আধার।

**—fever** (—ফিভার)— —প্রদাহ।

**Broad** ( ব্রড )—প্রশস্ত ; স্থূল।

**Brightness** ( ব্রাইটনেস্ )—ঔজ্জ্বল্য।

চক্ষুরিন্দ্রিয়ের সাহায্যে যাহা প্রত্যক্ষ ( perception ) করা যায়, তাহার দুইটি দিক—একটি রং ও অপরটি ঔজ্জ্বল্য।

Buddhism ( বুদ্ধিজম্ )—বৌদ্ধ ধর্ম।

যীশুখ্রীষ্টের জন্মের প্রায় ৬০০ বৎসর পূর্বে ভারতবর্ষে প্রচারিত ধর্ম বিশেষ। ইহার প্রবর্তক ছিলেন সিদ্ধার্থ বা গৌতম বুদ্ধ। তিনি মানুষের দুঃখকষ্টে খুবই মর্মাহত হন ও দুঃখকষ্ট লাঘবের জন্য তপস্যা করিতে থাকেন। সাধনায় সিদ্ধিলাভের ফলে তিনি বাসনার নিবৃত্তিকে দুঃখ-কষ্ট-নিবারণের উপায় বলিয়া প্রচার করেন ও অহিংসাকে পরম ধর্ম বলিয়া আখ্যা দেন।

Bukhari ( বুখারী )—( আঃ ) বুখারী ; ইমাম বুখারী।

ইমাম বুখারীর পূর্ণ নাম ছিল মুহাম্মদ ইবনে ইসমাইল বুখারী। তিনি বুখারার অধিবাসী ছিলেন বলিয়া বুখারী নামে পরিচিত। তিনি ৮৭০ খ্রীস্টাব্দে ৬০ বৎসর বয়সে ইন্তিকাল করেন। তাঁহার সংকলিত হাদিস গ্রন্থ সর্বাধিক প্রামাণ্য বলিয়া মনে করা হয়।

## C

C. A. ( সি, এ )—( মঃ ) ; সি, এ ; ক্রমিক বয়স। Chronological Ageএর সংক্ষেপ।

C factor ( সি ফ্যাকটর )—সাধারণ কারণ ( আংশিক )।

Calculus ( ক্যাল্‌কুলাস )—ক্যালকুলাস, তৌলিক, গণনীয়ক। উচ্চ গণিত শাস্ত্রের গণনা প্রণালীবিশেষ।

Calculus of pleasure ( ক্যালকুলাস্ অব প্লেসার )—সুখের পরিমাপক, সুখের তৌলিক।

Calculation of chances ( ক্যালকুলেশান অব চান্সেস )—আকস্মিকতা-নির্ণয়।

Calibration ( ক্যালিব্রেশান )—মূল্য—নির্ণয়ন।

**Caliph** ( ক্যালিফ )— ( আঃ ) খলিফা ; প্রতিনিধি, মুসলিম সমাজ ও রাষ্ট্রের নেতা। ইসলামের প্রাথমিক যুগ হইতে ১৯২৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত মুসলিম জগতের একজন নেতা থাকিতেন। তাঁহাকে খলিফা ( প্রতিনিধি ) আখ্যা দেওয়া হইত।

**Caliphate** ( ক্যালিফেট )—খিলাফাত ( আঃ ) ; মুসলিম সমাজ ও রাষ্ট্রের নেতার পদ।

**Campimeter** ( ক্যামপিমিটার )—ক্যামপিমিটার, বর্ণমণ্ডল-নির্ণয়ক। চক্ষুপটের বর্ণমণ্ডলসমূহ নির্ণয় করার যন্ত্রবিশেষ।

**Canon** ( ক্যানন )—নিয়মকানুন, অনুশাসন, মূলসূত্র।

**Capacity** ( ক্যাপাসিটি )—ধারণক্ষমতা, ধারণাশক্তি পদ, চরিত্র।

**Capitalism** ( ক্যাপিটালিজ্‌ম )—ধনতন্ত্রবাদ, পুঁজিবাদ।
ধনতন্ত্রবাদে সকল উপকরণ ও পণ্যবণ্টনের সকল ব্যবস্থায় ধনিকদের ব্যক্তিগত দখল সুপ্রতিষ্ঠিত থাকে। এই ব্যবস্থায় ধনিকগণ নিজেদের ইচ্ছামত সমাজের অর্থনৈতিক জীবন পরিচালিত করিয়া থাকে। ধনতন্ত্রবাদ মানব সমাজের বিকাশে একটি উন্নততর স্তর।

**Capitalist** ( ক্যাপিট্যালিষ্ট )—ধনিক, ধনতান্ত্রিক পুঁজিপতি, পুঁজিবাদী।

**Cardinal** ( কার্ডিন্যাল )—মৌলিক, প্রধান।

**—Number** ( —নাম্বার )—সাধারণ সংখ্যা। এক, দুই তিন প্রভৃতি সংখ্যা।

**—points** ( —পয়েণ্টস )—প্রধান দিকচতুষ্টয়, উত্তর ও দক্ষিণ, পূর্ব ও পশ্চিম।

**—virtues** ( —ভার্চুস )—প্রধান গুণ।

গ্রীক দার্শনিকগণের মতে প্রধান চারিটি গুণ হল—দূরদর্শিতা, ন্যায় পরায়ণতা, মিতাচার ও সহিষ্ণুতা।

Case history ( কেস্ হিষ্টরি )—( মঃ ) ; ব্যক্তি-ইতিবৃত্ত, ব্যক্তি-কাহিনী। মনোবিদ্যার উপাত্ত সংগ্রহের পদ্ধতিবিশেষ। এই পদ্ধতিতে শিশু বা ব্যক্তিবিশেষের অতীত জীবনের ও পরিবারের ইতিবৃত্ত সংগ্রহ করা হয়।

Caste System ( কাষ্ট্ সিস্টেম )—জাতিভেদ প্রথা।

Casualism ( ক্যাজুয়্যালিজম )—আকস্মিকতাবাদ।

Casuality ( ক্যাজুয়্যালিটি )—আকস্মিকতা।

Casualness ( ক্যাজুয়ালনেস্ )—আকস্মিকতা।

Casua Sui ( কজা সুঈ )—( দঃ ) ; স্বয়ং কারণ।

Casuist ( ক্যাজুয়িস্ট )—( নীঃ ) ; নীতিবিদ্যা-ব্যবহারজীবী।

Casuistic ( ক্যাজুয়িসটিক )—( নীঃ ) ; ব্যাবহারিক নীতিবিদ্যা-সম্বন্ধীয়।

Casuistry ( ক্যাজুয়িষ্ট্রি )—ব্যবহারিক নীতিবিদ্যা।

Cataract ( ক্যাটার‍্যাকট )—ছানি, চক্ষুর রোগবিশেষ।

Catechetic ( ক্যাটিকেটিক )—প্রশ্নোত্তরে শিক্ষাদান-বিষয়ক ( ধর্মীয় ও নৈতিক বিষয় )।

Catechism ( ক্যাটিকিজম )—প্রশ্নোত্তরে শিক্ষাদান, প্রশ্নোত্তরমালা ( সাধারণ বিষয় )।

Catechetial method ( ক্যাটিকেটিয়াল মেথড্ )—প্রশ্নোত্তর-পদ্ধতি।

Categorematic ( ক্যাটিগরেম্যাটিক )—( যুঃ ) ; পদযোগ্য।

Categorematic Word ( —ওয়ার্ড )—পদযোগ্য শব্দ। যে শব্দ এককভাবে যৌক্তিক বাক্যে পদ হিসাবে অর্থাৎ উদ্দেশ্য বা বিধেয় হিসাবে ব্যবহৃত হইতে পারে, তাহাকে পদযোগ্য শব্দ বলে। পদ হিসাবে ব্যবহৃত হইবার যোগ্যতা হিসাবে যুক্তিবিদ্যায় শব্দগুলিকে

তিনভাগে ভাগ করা হয়; পদযোগ্য, সহ পদযোগ্য (Syn-Categorematic) ও পদাযোগ্য (A-Categorematic)।

Categorical (ক্যাটিগরিক্যাল)—শর্তহীন, নিরপেক্ষ, সুনিশ্চিত।

—imperative (—ইম্‌পের‍্যাটিভ)—(নীঃ); শর্তহীন আদেশ।

জার্মান দার্শনিক ইমানুয়েল কান্টের (Immanual Kant) মতে নৈতিক নিয়ম বা আদেশ একটি শর্তহীন আদেশ, শর্তসাপেক্ষ (Hypothetical) আদেশ নয়। অর্থাৎ যে কোন অবস্থায় ইহা করিতেই হইবে। তাঁহার মতে নৈতিক নিয়ম অন্যান্য নিয়ম বা আদেশের মত শর্তসাপেক্ষ হইতে পারে না। অন্যান্য আদেশের বেলায় (যেমন, "যদি আমরা ইহা চাই, তাহা হইলে উহা করিতে হইবে") এইরূপ বলা চলে, কিন্তু নৈতিক নিয়মের বেলায় তাহা বলা চলে না।

—Judgement (—জাজমেণ্ট)—(যুঃ); নিরপেক্ষ অবধারণ, নিরপেক্ষ মানসিক বাক্য।

—Proposition (—প্রোপজিশান)—(যুঃ); নিরপেক্ষ বাক্য।

যে বাক্যে উদ্দেশ্য সম্পর্কে কোন শর্ত উল্লেখ না করিয়া কোন কিছু বলা হয় তাহাকে নিরপেক্ষ বাক্য বলে। অর্থাৎ নিরপেক্ষ বাক্যে বিনা শর্তে ইহার উদ্দেশ্যে বিধেয় প্রয়োগ করা হয়। যেমন, আকাশ নীল, মানুষ মরণশীল ইত্যাদি। নিরপেক্ষ বাক্যের বিপরীত হইল সাপেক্ষ বাক্য (Conditional Proposition)।

Category (ক্যাটিগরি)—(দঃ); মাকুলাত, মৌলিক ধারণা (জ্ঞানের)। ইংরাজী ক্যাটিগরি কথাটি গ্রীক শব্দ Kategoria হইতে আসিয়াছে। ইহার সাধারণ অর্থ হইল যাহা কিছু সম্পর্কে স্বীকার করা হয় বা যাহ কোন উদ্দেশ্যের বিধেয় হিসাবে ব্যবহৃত হয়। উদ্দেশ্য বা বিধেয় হিসাবে ব্যবহার করিতে হইলে অবধারণ বা বাক্যের প্রয়োজন। অবধারণ বা বাক্যের জন্য কতকগুলি মৌলিক ধারণার, যেমন, দ্রব্য,

কার্যকারণ সম্বন্ধ, দেশ, কাল, প্রভৃতি প্রয়োজন হয়। এই মৌলিক ধারণাগুলিকে মাকুলাত বা জ্ঞানের মৌলিক ধারণা বলা হয়।

এই সকল মৌলিক ধারণার সঠিক সংখ্যা ও স্বরূপ লইয়া দার্শনিকদের মধ্যে মতভেদ আছে। আরিস্তোতলের মতে ইহাদের সংখ্যা হইল দশ, কান্টের মতে বার ও হেগেলের মতে সত্তর। তবে অধিকাংশ দার্শনিকই দ্রব্য, কার্য-করণ সম্বন্ধ, দেশ ও কাল এই চারিটি মৌলিক ধারণাকে স্বীকার করিয়াছেন। দার্শনিক শোপেনহাওয়ারের মতে জ্ঞানের মৌলিক ধারণা মাত্র একটি। তাহা হইল কার্য-কারণ সম্বন্ধ ( Causal Connection )।

—of unity ( —অব ইউনিটি )—( দঃ ); একত্ব মাকুলাত, একত্ব ধারণা।
পরিমাণবাচক মৌলিক ধারণার প্রথমটি। অন্যান্য পরিমাণ-বাচক ধারণা হইল বহুত্ব ও সমগ্রত্ব।

Catharsis ( ক্যাথার্‌সিস )—( মঃ ); নিঃসারণ, বিবেচন।
মনোসমীক্ষণে ব্যবহৃত শব্দ। মনোসমীক্ষণীদের মতে, আবেগ-অবদমনের ফলে মানসিক জটিলতা আসে ও তাহার ফলেই মস্তিষ্কবিকৃতি হয়। তাই অবদমিত আবেগকে নিঃসরণ করিতে পারিলেই মস্তিষ্ক বিকৃতির নিরাময় হয়।

Cathexis ( ক্যাথেক্‌সিস )—( মঃ ); সাপেক্ষী নিঃসারণ।
অবদমিত আবেগ নিঃসরণ করিতে মানসিক শক্তিকে কোন বিশেষ দিকে চালু করা। ( Catharsis দ্রষ্টব্য )

Causal ( কজ্যাল )—কারণ-সম্বন্ধীয়।

—Connection ( —কানেক্‌শান )—কার্য-কারণ সম্বন্ধ।

—Nexus ( —নেকসাস )—কার্য-কারণ সম্বন্ধ, কার্য-কারণ বন্ধন।

Causation ( কজেশান )—কার্য-কারণ।

Cause ( কজ )—কারণ, হেতু, কার্য-কারণ সম্বন্ধের একদিক।

লৌকিক দিক হইতে কারণকে কার্যের একটি কালিক ( temporal ) পূর্ববর্তী ঘটনা বলিয়া মনে করা হয়। কিন্তু বৈজ্ঞানিক দিক হইতে কারণ একটি বিশেষ ঘটনা নয়, পূর্ববর্তী সকল সংশ্লিষ্ট ঘটনার সংযোগ।

—theory ( —থিওরি )—কারণ মতবাদ, কারণবাদ।

Celibacy ( সেলিবেসি )—কৌমার্য।

অনেক ধর্মসম্প্রদায়-অনুসারে কৌমার্য ধর্মসাধনার জন্য অপরিহার্য।

Cell ( সেল )—কোষ।

—body ( —বডি )—কোষদেহ।

Censor ( সেন্‌সর্ )—( মঃ ); সেন্‌সর, প্রহরী।

ফ্রয়েডের ( Freud ) মনোবিদ্যায় বিবেক, যাহা অবচেতন মনের অবাঞ্ছিত ভাবকে চেতনে আসিতে বাধা প্রদান করে।

Central tendency ( সেণ্ট্রাল টেণ্ডেন্‌সী )—কেন্দ্র-প্রবণতা।

—nervous adjustment ( —নার্ভাস অ্যাডজাস্টমেণ্ট )—( মঃ ); কেন্দ্রীয় স্নায়বিক সমন্বয়।

——system (——সিসটেম )—( মঃ ); কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র, প্রধান স্নায়ুতন্ত্র।

Centre theory ( সেণ্টার থিওরী )—( মঃ ); কেন্দ্র মতবাদ।

এই মতবাদ-অনুসারে সকলপ্রকার মানসিক কার্যের কেন্দ্র হিসাবে মন নামক একটি বস্তুর অস্তিত্ব স্বীকার করা হয়।

Cerebellar ataxia ( সেরিবেলার অ্যাটাক্‌শিয়া )—( মঃ ); লঘু মস্তিষ্কীয় অ্যাটাক্‌শিয়া, লঘু মস্তিষ্কের অতিক্রিয়া।

Cerebellum ( সেরিবেলাম )—লঘু মস্তিষ্ক, মস্তিষ্কের পশ্চাদ্ভাগস্থিত নিম্নাংশ।

Cerebral ( সেরিব্রাল )—মস্তিষ্ক-সম্বন্ধীয়।

—Cortex (—করটেক্স )—মস্তিষ্ক-বহিঃস্তর ।

—hemisphere ( —হেমিস্ফেয়ার )—মস্তিষ্ক-গোলার্ধ।

Cerebro-Spinal ( সেরিব্রো-স্পাইনাল )—মস্তিষ্ক ও মেরু মজ্জা সম্বন্ধীয়।

— —axis (——অ্যাক্সিস )—মস্তিষ্ক সুষুম্নাকাণ্ড।

Cerebrum ( সেরিব্রাম )—গুরুমস্তিষ্ক, মস্তিষ্কের বৃহত্তর অগ্রভাগ।

Certitude ( সার্টিটিউড )—নিশ্চয়তা।

Cervical ( সারভাইক্যাল, সার্ভিক্যাল )—গ্রীবাদশীয়, গ্রীবা-সম্বন্ধীয়।

Chain reflex ( চেন রিফ্লেক্‌স )—( মঃ ) ; ক্রমিক পরির্বিত, পরিবর্ত-শৃঙ্খল।

Chance ( চান্স )—দৈব।

Change ( চেঞ্জ )—পরিবর্তন।

Chaos ( কেয়স )—কেয়স, সংপ্লব, হারজেলাহ, সৃষ্টির পূর্বেকার আকারহীন অব্যবস্থিত বস্তুপিণ্ড।

Character ( ক্যারেক্টার )—চরিত্র, বিশিষ্ট ধর্ম, গুণ ( ব্যক্তি বা বস্তুর )।

—Complex ( —কমপ্লেক্স )—( মঃ ) ; চরিত্র-জটিলতা।

Characteristic ( ক্যারেক্টারিসটিক )—প্রকৃতি, নির্দেশক, বিশেষত্ব, বৈশিষ্ট্য।

Characteristica Universale (ক্যারেক্টারিসটিকা ইউনিভার্সলি )—( লাতিন ) ; সাধারণ বিশেষত্ব।

Characterology ( ক্যারেকটারোলজি )—চরিত্র-বিজ্ঞান।

Characterization ( ক্যারাকটারাইজেশান )—নির্দিষ্টকরণ, চিহ্নিতকরণ।

Chemical Sense ( কেমিক্যাল সেন্স )—রাসায়নিক জ্ঞান, রাসায়নিক ইন্দ্রিয়।

Child Psychology ( চাইলড্ সাইকোলজি )— (মঃ) ; শিশু-মনোবিদ্যা।
মনোবিদ্যার যে শাখায় শৈশব অর্থাৎ জন্ম হইতে প্রাপ্তবয়স পর্যন্ত কালের আলোচনা করা হয়, তাহাকে শিশু মনোবিদ্যা বলে।

Choice ( চয়েস )—মনোনয়ন, পছন্দ, নির্বাচন।

Choice,Axiom of (—,অ্যাকসিয়াম অব )—নির্বাচনের স্বতঃসিদ্ধ।

Choice-reaction-time ( চয়েস-রিয়্যাকশান-টাইম )—( মঃ ) ; নির্বাচন প্রতিক্রিয়া-কাল।
কোন কিছু নির্বাচন করিতে যাহার যে সময়ের প্রয়োজন হয়, সেই সময়কে নির্বাচন-প্রতিক্রিয়া-কাল বলা হয়।

Christology ( ক্রাইস্টোলজি )—খ্রীষ্ট বিজ্ঞান, খ্রীষ্টতত্ত্ববাদ।
যীশুখ্রীষ্টের প্রকৃতি ও ব্যক্তিত্ব বিষয়ক প্রচলিত ধর্মীয় মতবাদের সমষ্টি।

Choleric ( কলারিক )—( মঃ ) ; ক্রোধপ্রবণ, বদমেজাজী।

Choroid ( করয়েড )—
—Coat ( —কোট )— } করয়েড্, কৃষ্ণমণ্ডল, চক্ষুর আভ্যন্তরীণ কৃষ্ণ পর্দাবিশেষ।

Chroma ( ক্রোমা )—বর্ণমাত্র।

Chromosomes ( ক্রোমোজোমস্ )—ক্রোমোজোম, জীবকোষের আভ্যন্তরীণ ক্ষুদ্রাতিক্ষুদ্র কোষ।
জীবকোষের ভিতরে নিউক্লিয়াস ( Nucleus ) নামক একটি পদার্থ থাকে। মানুষের জীবকোষের নিউক্লিয়াসের মধ্যে ২৪ জোড়া অতিক্ষুদ্র কোষ থাকে এইগুলিকে ক্রোমোজোম বলা হয়। যে কোন জীবের বেলায় পিতা ও মাতার দেহ হইতে এক একটি করিয়া ক্রোমোজোম সংক্রমিত হয়। জীবসৃষ্টির সময় যখন কোষ বিভক্ত হইতে থাকে, তখন প্রত্যেক কোষেই ক্রোমোজোমের সংখ্যা পূর্বানুরূপ থাকে। এই ক্রোমোজোমগুলির উপর দেহের নানা বৈশিষ্ট্য নির্ভর করে।

**Chronic** ( ক্রনিক )—পুরাতন, মজ্জাগত, দীর্ঘকালস্থায়ী।

**Chronological age** ( ক্রনোলজিক্যাল এজ )—ক্রমিক বয়স, যথার্থ বয়স।

শারীরিক ও মানসিক বৃদ্ধি নিরপেক্ষভাবে দিন, মাস ও বৎসর গণনায় যাহার যে বয়স হয়, তাহাকে ক্রমিক বয়স বলা হয়। সকলেরই বয়সের অনুপাতে শারীরিক ও মানসিক বৃদ্ধি একরকম হয় না। সেইজন্য ক্রমিক বয়স, শরীর-বৃত্ত বয়স ( Physiological age ), মানসিক বয়স ( Mental age ) প্রভৃতির ধারণা করা হইয়াছে।

**Chronoscope** ( ক্রোনোস্‌কোপ )—( মঃ ); কাল-দৃক।

**Ciliary muscle** ( সিলিয়ারী মাস্‌ল )—চক্ষুপেশী, চক্ষুর মাংসপেশী।

**Circulaur evidence** ( সার্কুলার এভিডেন্স )—চক্রক যুক্তি।

যে যুক্তি বা প্রমাণে যাহা হেতুবাক্যের মধ্যে আছে তাহা প্রমাণ করিতে হয় তাহাকে চক্রক যুক্তি বলে। ইহা যুক্তিবিদ্যায় সাধারণ উপপত্তিমূলক যুক্তি।

**Circulus in Probando** ( সার্কুলাস ইন প্রোব্যাণ্ডো )—( যুঃ ); ( লাতিন ); চক্রক যুক্তি।

**Circular psychosis** ( সারকিউল্যার সাইকোসিস )—(মঃ); চক্রক-উন্মাদনা।

যে উন্মাদনায় পর্যায়ক্রমে উত্তেজনা ও অবসাদ আসে, তাহাকে চক্রক-উন্মাদনা বলা হয়।

**Claims** ( ক্লেমস )—দাবী, স্বত্ব, অধিকার, দাবীর বিষয়।

**Clang** ( ক্লাঙ্‌ )—( মঃ ); ঝঙ্কার।

**Clarification** ( ক্ল্যারিফিকেশান )—ব্যাখ্যাকরণ, শোধন।

**Clarity** ( ক্ল্যারিটি )—নির্মলতা।

Class (ক্লাস)—শ্রেণী, জাতি।
বৈজ্ঞানিক বা অন্য যে কোন বিভাগ।

Class concept (ক্লাস কনসেপ্ট)—জাতি-ধারণা।

Classic (ক্লাসিক)—বিশুদ্ধ, সর্বোত্তম।
উচ্চশ্রেণীর প্রাচীন সাহিত্য-সংস্কৃতির গুণবিশিষ্ট।

Clarification (ক্লাসিফিকেশান)—(মঃ); শ্রেণীবিভাগ, শ্রেণীকরণ।
কোন বিশেষ উদ্দেশ্যে বস্তু বা ঘটনাগুলিকে সাদৃশ্য ও বৈসাদৃশ্যের ভিত্তিতে বিন্যস্ত বা সজ্জিত করার মানসিক ক্রিয়াকে শ্রেণীকরণ (Classification) বলা হয়।

Class struggle (ক্লাস স্ট্রাগ্‌ল)—শ্রেণী-সংঘর্ষ।

Classification test (ক্লাসিফিকেশান টেস্ট)—(মঃ); শ্রেণীকরণ-পরখ।
ইহা একপ্রকার মানসিক পরখ। ইহাতে পরখ-পাত্রকে বিশেষ বিশেষ বস্তুর সহিত সংযুক্ত শব্দ বা শব্দাবলীকে পৃথকভাবে শ্রেণীবদ্ধ করিতে বলা হয়।

Clearness (ক্লীয়ারেনেস)—নির্মলতা, বিশুদ্ধতা।

Clinic (ক্লিনিক)—চিকিৎসাগার, নিদানশালা।

Clinical (ক্লিনিক্যাল)—নিরাময়-সম্বন্ধীয়, রোগী-পরীক্ষা-সম্বন্ধীয়।

—Psychology (—সাইকোলজি)—(মঃ); নিরাময়-মনোবিদ্যা।

Co-conscious, the (কো-কন্‌শাস্‌, দি)—সহজ্ঞ।

Co-consciossness (কো-কনশাসনেস)—সহজ্ঞতা।

Co-conscious personality (কো-কনশাস্‌ পারসোন্যালিটি)—(মঃ); সহজ্ঞ ব্যক্তিত্ব।

Cochlea (ককলিয়া)—অনুত্রিকাস্থি।

**Co-efficient** ( কো-এফিসিয়েন্ট )—সহ-কার্যকরী, অন্যের সহযোগে কার্যকরী।

**—of Correlation** ( —অফ কোরিলেশান )—সহ-কার্যকরী সহ-সম্বন্ধ।

Co-enaesthesis ( কো-এনেস্থেসিস )—সমগ্র সংবেদন।

Cogitatio ( কোজিটাটিও, কোজিটেশিও )—জ্ঞান, বিশেষভাবে ঐশী শক্তির জ্ঞান। ( Spinoza-র দর্শনে )

Cogito ( কজিটো )—( লাতিন ); আমি চিন্তা করি।

Cogito ergo Sum ( কজিটো এরগো সাম )—( লাতিন )।
আমি চিন্তা করি, অতএব আমি আছি। ডেকার্টের ( Descartes ) দর্শনের মূল সূত্র।
ফরাসী দার্শনিক ডেকার্টকে আধুনিক পাশ্চাত্য দর্শনের জনক বলা হয়। তিনি সব কিছুকে অস্বীকার করিয়া সন্দেহবাদী মনোবৃত্তি লইয়া দার্শনিক চিন্তা আরম্ভ করেন। এই সন্দেহ হইতেই তিনি নিজের ( Self ) অস্তিত্ব প্রমাণ করেন এবং ক্রমে তাহা হইতে ঈশ্বর ( God ) ও বহির্জগতের অস্তিত্ব প্রমাণ করেন। সেইজন্যই "আমি চিন্তা করি, অতএব আমি আছি" এই সূত্রটিকে ডেকার্টের দর্শনের মূলসূত্র হিসাবে ধরা হয়।

Cognition ( কগনিশান্ )—( মঃ ); জ্ঞান, অবগতি, চিন্তন।

Cognitive ( কগনিটিভ্ )—প্রত্যক্ষজ্ঞান-সম্বন্ধীয়, বুদ্ধিশক্তি দ্বারা জ্ঞাত।

—meaning ( —মিনিং )—জ্ঞানজ অর্থ।

—sentence ( —সেণ্টেন্স )—জ্ঞানজ বাক্য।

Cognoscendum ( কোগনোসেডাম )—জ্ঞেয় বস্তু।

Coherence Theory ( কোহিয়ারেন্স থিওরী )—সামঞ্জস্যবাদ, ভাব সমন্বয়বাদ।
ইহা সত্য-বিষয়ক একটি মতবাদ। এই মতবাদ-অনুসারে চিন্তার বা ধারণার বিভিন্ন অংশ বা অঙ্গের মধ্যে সামঞ্জস্য থাকাতেই সত্য নিহিত।

**Coincidence** ( কোইনসিডেন্স )—সন্নিপাত; সহ-পতন; একই সময়ে সংঘটন।

**Cold sensation** ( কোল্ড সেনসেশান )—শৈত্য-সংবেদন।

**Cold spot** ( কোল্ড স্পট )—শৈত্য বিন্দু।

শরীরের ত্বকের যে সকল বিন্দুতে শৈত্য অনুভব করা যায়, সেই-গুলিকে শৈত্য বিন্দু বলা হয়। আমাদের শরীরের ত্বকের সকল বিন্দুতেই সকল রকমের সংবেদন অনুভব করা যায় না। কতকগুলিতে শৈত্য, কতকগুলিতে উষ্ণতা; এইরূপভাবে বিভিন্ন বিন্দুতে বিভিন্ন রকম সংবেদন অনুভব করা যায়।

**Collective and Distributive property** ( কলেক্টিভ অ্যাণ্ড ডিস্ট্রি-বিউটিভ্ প্রোপার্টি )—সমষ্টিবাচক ও ব্যাপ্তিবাচক গুণ।

**Collective-unconscious** ( কলেক্টিভ আন্‌কন্‌শাস )—সমষ্টিগত অচেতন, সমষ্টিগত নির্জ্ঞান।

**Colour** ( কালার )—বর্ণ, রং।

**—blindness** ( —ব্লাইণ্ডনেস্ )—বর্ণান্ধতা।

লাল, নীল প্রভৃতি রং বা বর্ণ দেখার অক্ষমতাকে বর্ণান্ধতা বলে। আমরা সকলেই সকল রকমের রং সমানভাবে দেখিতে পাই না। ইহা আমাদের শারীরিক বৈশিষ্ট্য। তবে সকল রং বা কোন বিশেষ রং মোটেই দেখিতে না পারা একটি রোগ।

বর্ণান্ধতা সাধারণতঃ দুই প্রকার: পূর্ণ বর্ণান্ধতা ও আংশিক বর্ণান্ধতা। আংশিক বর্ণান্ধতা সাধারণতঃ দুই প্রকারের: লাল-সবুজ বর্ণান্ধতা ও নীল-পীত বর্ণান্ধতা।

**—circle** ( —সার্‌কল )—( মঃ ); বর্ণবৃত্ত।

ইহা বর্ণ-পরীক্ষণের এক প্রকার যন্ত্র। ইহাতে একটি বৃত্তাকার পদার্থের উপর বর্ণালীর সাতটি বর্ণ এই পরিমাণে সাজান থাকে, যাহাতে তাহাদের সংমিশ্রণের ফলে বর্ণহীন সংবেদনের সৃষ্টি হয়।

—contrast ( —কন্‌ট্রাস্ট )—( মঃ ) ; বর্ণ-বৈষম্য।

—cycle ( —সাইক্‌ল্ )—(মঃ) ; বর্ণচক্র।
ইহা বর্ণবৃত্তের ( Colour circle ) মত এক প্রকার যন্ত্র। ইহাতে বর্ণালীর সাতটি বর্ণ ছাড়াও বেগুনী, লাল ( Purple ) ও গাঢ় লাল ( Crimson ) বর্ণ থাকে।

Coloured hearing ( কালারড্ হিয়ারিং )—(মঃ) ; বর্ণযুক্ত শ্রবণ।

Colour mixing ( কালার মিক্সিং )—(মঃ) ; বর্ণ-সংমিশ্রণ।

— mixture ( —মিক্‌শ্চার )—(মঃ) ; বর্ণমিশ্রণ।

—prism ( —প্রিজম )—বর্ণালী-বীক্ষণ যন্ত্র।
ইহা সৌর বর্ণালী বীক্ষণের এক প্রকার যন্ত্র। সূর্যের আলোককে এই যন্ত্রের মধ্য দিয়া দেখিলে বর্ণালীর সাতটি বর্ণকে পৃথক পৃথক-ভাবে দেখা যায়।

—test ( —টেস্ট )—(মঃ) ; বর্ণান্ধতা-পরখ।

—vision ( —ভিসান )—(মঃ) ; বর্ণদৃষ্টি।

—wheel ( —হুইল )—(মঃ) ; বর্ণচক্র।

Coma ( কমা )—(মঃ) ; অচেতন অবস্থা, মোহাচ্ছন্ন ভাব।

Combination ( কম্বিনেশান )—সংযোগ, সম্মেলন, সমবায়।
কোন উদ্দেশ্য-সাধনার্থে সমবেত ব্যক্তিগণ।

—of Ideas ( —অব আইডিয়াস )—(মঃ) ; ভাব সংযোগ।

—of tone ( —অব টোন )—(মঃ) ; যুক্তস্বর।

Comedy ( কমেডি )—মিলনান্ত নাটক ; প্রহসন।

Comic Sentiment ( কমিক সেন্টিমেণ্ট )—হাস্যরস।

Comma ( কমা )—স্বল্প বিরাম চিহ্ন ( , ) ( ব্যাকরণ )।

Commentator ( কমেন্টেটর )—ব্যাখ্যাতা, ব্যাখ্যাকার ; টীকাকার।

Common Sense ( কমনসেন্স্ )—কাণ্ডজ্ঞান, সাধারণ জ্ঞান।

— —Realism ( ——রীয়্যালিজম্ )—(দঃ) ; লৌকিক বাস্তববাদ, সরল বাস্তববাদ, সহজ বুদ্ধি বাস্তববাদ।

এই মতবাদ অনুসারে বাহ্য জগতের একটি স্বতন্ত্র অস্তিত্ব রহিয়াছে। আমরা জগৎকে যেভাবে জানি জগতও ঠিক তাহাই। আমাদের মনের ধারণা বাহিরের বস্তুর অবিকল প্রতিলিপি।

Common Sensibles ( কমন সেনসিব্‌লস )—(মঃ) ; বহু ইন্দ্রিয়গ্রাহ্য গুণাবলী।

আরিস্তোতলের মনোবিজ্ঞানে প্রত্যক্ষ বস্তুর বহু ইন্দ্রিয়গ্রাহ্য গুণাবলী।

Communication ( কমিউনিকেশান )—জ্ঞাপন।

Communism ( কমিউনিজম্ )—কমিউনিজম্, সাম্যবাদ।

মার্ক্‌সীয় পরিভাষায় শ্রমিক রাষ্ট্র দ্বারা পরিচালিত সমাজতান্ত্রিক সমাজ আরও উন্নতি লাভ করিয়া উহার পরবর্তী যে উন্নতস্তরে প্রবেশ করিবে সেই উন্নতস্তরের সমাজব্যবস্থাকে ও সমাজ প্রতিষ্ঠার মতবাদকে বলা হয় কমিউনিজম বা সাম্যবাদ।

Commutative ( কমিউটেটিভ্ )—পরিবর্তনীয়, বিনিময়-সম্বন্ধীয়।

Comparative psychology ( কমপারেটিভ সাইকোলজী )—(মঃ) ; তুলনামূলক মনোবিদ্যা।

Comparison ( কমপারিজন )—তুলনা, তুলনা দ্বারা নির্ণয়।

Compensation ( কম্‌পেন্‌সেশান )—ক্ষতিপূরণ।

Complementary colours ( কমপ্লিমেন্টারী কালরস )—(মঃ) ; পরিপূরক বর্ণ।

যে দুইটি বর্ণের সংমিশ্রণে বর্ণহীন সংবেদন পাওয়া যায় তাহাকে পরিপূরক বর্ণ বলে। যেমন: লালবর্ণ সবুজ বর্ণের ও নীলবর্ণ পীতবর্ণের পরিপূরক।

Complete learning method ( কম্‌প্লিট লার্নিং মেথড )—(মঃ) ; পূর্ণ শিক্ষা পদ্ধতি।

Complete Enumeration ( কমপ্লিট ইনুমারেশান )—পূর্ণ গণনা।

—— Induction by ( ——, ইনডাকশান বাই ) —(যুঃ) ; পূর্ণ গণনামূলক আরোহ, নিখুঁত আরোহ।

ইহা একপ্রকার অপ্রকৃত বা তথাকথিত আরোহ অনুমান। ইহাতে কোনও কৃত্রিম সার্বিক ( universal ) বা সমষ্টির অন্তর্ভুক্ত প্রত্যেকটি বিশেষ ( particular ) দৃষ্টান্ত নিরীক্ষণ করিয়া ঐ সমষ্টি সম্বন্ধে সিদ্ধান্ত করা হয়। যেমন, জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ প্রভৃতি ইংরাজী বৎসরের প্রত্যেকটি মাসেই ৩২ দিনের কম দিন থাকে। অতএব, ইংরাজী বৎসরের সমস্ত মাসেই ৩২ দিনের কম দিন থাকে।

Complete Inversion ( কমপ্লিট ইন্‌ভারশান )—(যুঃ) ; পূর্ণ অন্তরাবর্তন।

যে অন্তরাবর্তন অনুমানে সিদ্ধান্তে উদ্দেশ্য ও বিধেয় দুইটি হেতুবাক্যেরই উদ্দেশ্য ও বিধেয়ের বিরুদ্ধপদ হয় তাহাকে পূর্ণ অন্তরাবর্তন বলে। Inversion দ্রষ্টব্য।

Complete Induction ( —ইনডাকশান )—(যুঃ) ; পূর্ণ আরোহ। পূর্ণ গণনামূলক আরোহ। Complete Enumeration, Induction by দ্রষ্টব্য।

Complex ( কমপ্লেকস্ )—(মঃ) ; জটিলতা, ভাবসমষ্টি।

Complex Effects ( কমপ্লেকস ইফেকটস )—জটিল ফল, জটিল কার্য।

Complication ( কমপ্লিকেশান )—জটিলতা।

Component ( কম্পোনেণ্ট )—অংশ।

Composite ( কম্পোজিট্ )—সংযুক্ত, বিমিশ্র।

— Idea ( —আইডিয়া )—বিমিশ্র ধারণা।

Composition ( কম্পোজিশন )—সংমিশ্রণ।

— of Causes ( —অব কজেস )— বহুকারণ সংমিশ্রণ।
Conjunction of causes দ্রষ্টব্য।

— Principle of ( —প্রিন্‌সিপ্‌ল্ অব )—সংমিশ্রণের নীতি।

Composite Term ( কম্পোজিট্ টার্ম )—(যুঃ) ; যৌগিক পদ।
যে যৌক্তিক পদ একাধিক শব্দ দ্বারা গঠিত তাহাকে যৌগিক পদ বলে। যেমন, একটি উপকারী প্রাণী। যৌগিক পদের বিপরীত হইল সরল পদ ( Simple term )।

Compositive ( কম্পোজিটিভ্ )—সংযুক্ত।